



ইরানের দক্ষিণাঞ্চলে ৫ মাত্রার ভূমিকম্প



সংগৃহীত ছবি

ইরানের দক্ষিণাঞ্চলে ৫ মাত্রার একটি ভূমিকম্প অনুভূত হয়েছে। মঙ্গলবার (৯ জুন) সকালে হরমোজগান ও কেরমান প্রদেশের সারগাজ এলাকার কাছে এ কম্পন আঘাত হানে বলে জানিয়েছে দেশটির রাষ্ট্রীয় সংবাদমাধ্যম।

ভূমিকম্পের পর স্থানীয় প্রশাসন ও জরুরি সেবা সংস্থাগুলো পরিস্থিতি পর্যবেক্ষণ শুরু করে। তবে তাৎক্ষণিকভাবে কোনো হতাহত বা বড় ধরনের ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। ভূমিকম্পপ্রবণ অঞ্চল হিসেবে পরিচিত ইরানে প্রায়ই মাঝারি ও শক্তিশালী কম্পন অনুভূত হয়। একাধিক সক্রিয় ফল্ট লাইনের ওপর অবস্থান করায় দেশটিতে ভূমিকম্পের ঝুঁকি তুলনামূলক বেশি।

এদিকে, এর আগের দিন ফিলিপাইনে শক্তিশালী ভূমিকম্পে অন্তত ৩২ জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। দেশটির বিভিন্ন এলাকায় বহু ভবন ক্ষতিগ্রস্ত হওয়ায় হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

LENS ASIA